

মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ পরিচ্ছেদ: জানাযা সংক্রান্ত নারীদের বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. নারীদের জানাযার পশ্চাতে চলার বিধান:

উম্মে ‘আতিয়্যাহ রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন:

«نهينا عن اتباع الجنائز، ولم يعزم علينا»

“আমাদেরকে জানাযার অনুসরণ করতে নিষেধ করা হয়েছে তবে কঠোরভাবে নিষেধ করা হয়নি”।[1]

হাদীসের বাহ্যিক ভাষা নারীদের জন্য জানাযার পিছনে চলা হারাম বুঝায়। আর উম্মে ‘আতিয়্যাহ-এর কথা

“আমাদেরকে কঠোরভাবে নিষেধ করা হয়নি” সম্পর্কে শাইখুল ইসলাম ইবন তাইমিয়াহ বলেন: “মনে হয় তার উদ্দেশ্য, নিষেধ করার বিষয়টিতে তাকীদ দেওয়া হয়নি”। এ কথা জানাযার অনুসরণ করা হারাম হওয়ার পরিপন্থী নয়। হয়তো তিনি ধারণা করেছে এ নিষেধাজ্ঞা হারাম নয়। এটা তার বুঝ, দলীল তার বুঝ নয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথাই দলীল”।[2]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১২১৯; সহীহ মুসলিম, হাদীস নং ৯৩৮; আবু দাউদ, হাদীস নং ৩১৬৭; ইবন মাজাহ, হাদীস নং ১৫৭৭; আহমদ: (৬/৪০৮)

[2] মাজমুউল ফতোয়া: (২৪/৩৫৫)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14709>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন